অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওসাগো কাউন্টিতে 1.5 মিলিয়ন ডলারের একটি সাপোর্টিভ হাউজিং প্রজেক্ট পুনরায় খোলার কথা ঘোষণা করেছেন

ফুলটনের ওসাগো কাউন্টি অপারচুনিটিজের (Oswego County Opportunities, OCO) ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলিকে (Backstreet Apartments) নবরূপ দান করতে স্টেটের দেওয়া অর্থের যোগানের ব্যবহার

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওসাগো কাউন্টির ফুলটনে ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি পুনরায় খোলার কথা ঘোষণা করেছেন, যা আগেকার গৃহহীন ব্যক্তি এবং পরিবারবর্গকে স্থায়ী সাপোটিভ হাউজিং ইউনিটগুলিকে অন্তর্ভুক্ত করবে। ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি সংস্কারের জন্য সম্প্রতি 900,000 ডলারের বেশি ব্যয় করেছে, যার ফলে এই প্রকল্পে স্টেটের মোট বিনিয়োগ 1.5 মিলিয়ন ডলারে পৌঁছেছে।

"সমস্ত নিউ ইয়র্কবাসীর যাতে একটি নিরাপদ, সুরক্ষিত বাসস্থান থাকে সেটি নিশ্চিত করতে সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিংয়ে বিনিয়োগ গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন।** "ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি পুনরায় খোলা আমাদের স্টেটে গৃহহীনতার সমস্যা চিরতরে সমাধান করার জন্য নিউ ইয়র্কের নিরন্তর দায়বদ্ধতাকে প্রদর্শন করে।"

"ফুলটনে ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি পুনরায় খোলার জন্য অর্থের যোগান ওই অঞ্চলে নিম্ন আয়ের ব্যক্তি ও পরিবারবর্গের জন্য সাপোর্টিভ হাউজিং বজায় রাখা নিশ্চিত করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা নিশ্চিত করতে চাই যে যারা আগে গৃহহীন ছিল তাদের যেন ওসাগো কাউন্টি এবং তার প্রত্যন্ত অঞ্চলে সাশ্রয়ী, উন্নত গুণমানের হাউজিংয়ে অ্যাক্সেস থাকে। গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করার জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ প্রদান করতে সমগ্র স্টেটে সাশ্রয়ী হাউজিং গঠন ও তা বজায় রাখতে এই বিনিয়োগ হল আমাদের আগ্রাসী প্রচেষ্টার অংশ।"

সংস্কারগুলির জন্য অর্থের যোগান আসে নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তার অফিসের (New York State Office of Temporary and Disability Assistance) গৃহহীন হাউজিং এবং সহায়তা প্রকল্প (Homeless Housing and Assistance Program) থেকে, যা পূর্বে 2004 সালে এই অ্যাপার্টমেন্টগুলি নির্মাণ করতে ওসাগো কাউন্টি অপারচুনিটিজ, আইএনসি. (Oswego County Opportunities, Inc.) কে 660,000 ডলার প্রদান করেছিল। এই কাজগুলির মধ্যে ছিল ফুলটন সিটিতে অবস্থিত বিল্ডিংয়ের বাইরের অংশের মেরামতির কাজ, সেইসাথে শক্তি সাশ্রয় করার জন্য অভ্যন্তরীণ উন্নতিকরণের কাজগুলি। যুক্তরাষ্ট্রীয় হোম লোন ব্যাঙ্কও (Federal Home Loan Bank) মেরামতির কাজের জন্য 219,615 ডলার প্রদান করেছে।

হাউজিংয়ের সাথে সাথে, এই প্রকল্প নিউ ইয়র্ক স্টেট সাপোর্টিভ হাউজিং প্রোগ্রামের (New York State Supportive Housing Program) মাধ্যমে আবাসিকদের সহায়ক পরিষেবা প্রদান করে।

এই সংস্কার প্রকল্প, গভর্নর কুওমোর 20 বিলিয়ন মার্কিন ডলারের, পঞ্চবার্ষিকী গৃহহীনতা ও সাশ্রয়ী হাউজিং অ্যাকশন প্ল্যানের (Homelessness and Affordable Housing Action Plan) অনুপূরক। 2016 সালে ঘোষিত, এই প্ল্যানটি এখন আবাসনকে আরও বেশি সহজলভ্য করে তুলেছে এবং 110,000 ইউনিটের ও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন আর 6,000 ইউনিটের সহায়ক আবাসন নির্মাণ আর অক্ষুণ্ণ রেখে গৃহহীনতার সমাধান করছে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি পূর্ণাঙ্গ পদ্ধতি, যাতে অন্তর্ভুক্ত রয়েছে একক ও যৌথ পরিবারের হাউজিং, সামাজিক উন্নয়ন আর ভাড়া স্থিতিশীলকরণ।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজাব্যালিটি অ্যাসিসটেন্স (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার সামুয়েল ডি. রবার্টস বলেন, "এই বিল্ডিংগুলিতে করা মেরামতির কাজ নিশ্চিত করে যে এই অতি-প্রয়োজনীয় অ্যাপার্টমেন্টগুলি পরিবার ও ব্যক্তিবর্গের আপৎকালের জন্য রাখা থাকবে। আমরা আরও একবার ওসাগো কাউন্টি অপারচুনিটিজের সাথে কাজ করতে পেরে গর্বিত এবং সম্প্রদায়ের উপর এই প্রকল্পটির প্রভাব দেখার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করব।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম এ. বারক্লে বলেছেন, "ওসাগো কাউন্টি অপারচুনিটিজ, ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি পুনরায় বাসযোগ্য করে তুলতে স্টেটের আর্থিক আনুকুল্য পেয়েছে দেখে আমার ভালো লেগেছে। এই অঞ্চলে সাপোর্টিভ হাউজিং ওসাগো কাউন্টি অপারচুনিটিজ এবং তাদের পরিষেবার অন্তর্ভূক্ত ব্যক্তি ও পরিবারবর্গের জন্য একটি সফল প্রয়াস। মেরামতির কাজের আগে, ইটের বিল্ডিংয়ের গুরুতর কাঠামোগত সমস্যা ছিল। সৌভাগ্যবশত, পুনরায় বাসযোগ্য করে তোলার জন্য স্টেটের সাম্প্রতিক সহায়তার মাধ্যমে, ওসাগো কাউন্টি অপারচুনিটিজ নিরাপদ, সাপোর্টিভ হাউজিং প্রদান করার এবং ব্যক্তিবর্গকে একটি ইতিবাচক উপায়ে ক্ষমতাবান করার তার লক্ষ্যতে অবিচল থাকবে।"

ওসাগো কাউন্টি আইনসভার সভাপতি জেমস ওয়েদারআপ বলেছেন, "আমরা আনন্দিত যে গভর্নর কুওমো, ওসাগো কাউন্টিকে বিনিয়োগ অব্যাহত রাখার মত একটি অঞ্চল হিসাবে স্বীকৃতি দিয়েছেন। এই ঐতিহাসিক বিল্ডিংটির স্থায়িত্ব ও পুনঃ প্রতিষ্ঠা ফুলটনের বিজনেস ডিস্ট্রিক্টের প্রাণকেন্দ্রে আরও বিনিয়োগ আনতে সহায়তা করবে।"

ফুলটনের মেয়র রোনাল্ড উডওয়ার্ড বলেছেন, "আমাদের কমিউনিটির জীবনযাত্রার মানকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এরকম যে কোনো বিনিয়োগ একটি সম্পদ। আমি খুশি যে নিউ ইয়র্ক স্টেট আমাদের সিটিতে এই বিনিয়োগটি করেছে।"

ওসাগো কাউন্টি অপারচুনিটিজ এক্সিকিউটিভ ডিরেক্টর ডায়ান কুপার-কারিয়ার বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তার অফিসের গৃহহীন হাউজিং এবং সহায়তা প্রকল্প, এবং যুক্তরাষ্ট্রীয় হোম লোন ব্যাঙ্ক এর অর্থের যোগান এবং সহায়তার জন্য ধন্যবাদ, OCO, গৃহহীন ব্যক্তি ও পরিবারবর্গের জন্য নিরাপদ ও সাশ্রয়ী, স্থায়ী সাপোর্টিভ হাউজিং প্রদানকারী একটি অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের মেরামত এবং পুনঃপ্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে। একজনের মাথার উপর স্থায়ী ছাদ না থাকলে, ব্যক্তি এবং পরিবারবর্গ মানসিক অশান্তির মধ্যে থাকে, যা তাদের কাজ, একজনের স্বাস্থ্য, ভালো খাওয়া, স্কুল এবং বাচ্চা ও পরিবারের

অন্য সদস্যদের যত্ন নেওয়ার উপর মনোনিবেশ করাকে কঠিন করে তোলে। সেই কারণে ব্যাকস্ট্রিট অ্যাপার্টমেন্টের সংরক্ষণ এত গুরুত্বপূর্ণ। এই আবাসিকদের একটি স্থায়ী বাসস্থান! তারা কাজের দক্ষতা উন্নত করার সুযোগ পাবে, স্কুলে বাচ্চাদের ভর্তি করতে পারবে, তাদের শারীরিক, মানসিক এবং ভাবনাকে উন্নত করতে পারবে, এবং তারা তাদের মতো কমিউনিটিতে প্রতিষ্ঠা লাভ করবে এবং কমিউনিটির একটি অংশ হয়ে উঠবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন